


বিজ্ঞপ্তি

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি:

Key Performance Indicators-এর আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের মধ্যে কতিপয় বেসরকারি কলেজসমূহকে মডেল কলেজে উন্নীতকরণের কার্যক্রমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের মডেল কলেজ প্রকল্পের আওতায় ৮টি বেসরকারি কলেজকে 'প্রাক-মডেল কলেজ' হিসেবে ঘোষণা করা হয়েছে। তার মধ্যে লালমাটিয়া মহিলা কলেজ মডেল কলেজ হিসেবে নির্বাচিত হয়েছে। লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের মডেল কলেজ প্রকল্পের আওতায় লালমাটিয়া মহিলা কলেজ কে প্রযুক্তি সহায়তা, পুস্তক ও শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠান আগামী ২৮ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি: তারিখ শনিবার সকাল ১০.০০ টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তন, সেগুনবাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে স্কলারশিপপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে সকাল ৯.০০ টার মধ্যে উক্ত মিলনায়তনে উপস্থিত থাকতে হবে। এ প্রেক্ষিতে অদ্য বেলা ১১ টায় প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও বিভাগীয় প্রধানদেরকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে বিজ্ঞপ্তির সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের তালিকা প্রেরণ করা হলো।


অধ্যক্ষ ২৩/৯/১৯

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।